



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

www.bmeb.gov.bd

নং বামাশিবো/রিক/দাখিল বিজ্ঞান/কুড়িগ্রাম-উলিপুর-১২০/

তারিখঃ / / ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ১৫-০৬-২০১৬ তারিখের নং- ৩৭.০০.০০০০.০৮৫.৮৬.০১৬.১৫.১০৯৫ সংখ্যক স্মারক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ অঙ্গিকারনামা জমা দেয়ায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন নাওড়া নাছিরীয়া দাখিল মাদরাসায় দাখিল ৯ম শ্রেণীতে বিজ্ঞান বিভাগ খোলার অনুমতি নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে ০১-০১-২০১৬ তারিখ হতে দেওয়া হলো। মাদরাসার **CODE-14684** ও **EIIN-122680**

পালনীয় শর্তাবলীঃ

১. মাদরাসায় বিজ্ঞানাগার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকতে হবে।
২. বিধি মোতাবেক নিবন্ধনকৃত সহকারি শিক্ষক (বিজ্ঞান) নিয়োগ করতে হবে/ নিয়োগ থাকতে হবে।
৩. দাখিল বিজ্ঞান বিভাগসহ প্রত্যেক শ্রেণীতে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৪. দাখিল বিজ্ঞান বিভাগের চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৫. বিজ্ঞান বিভাগের জন্য পৃথক পৃথক পাকা বিজ্ঞানাগার নির্মাণ করতে হবে।
৬. জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োগ করতে/থাকতে হবে।
৭. মাদরাসার লাইব্রেরীর জন্য আরও ৫,০০০.০০ টাকার বিজ্ঞান বিষয়ের বই ক্রয় করতে হবে।
৮. বিজ্ঞান বিভাগের জন্য আরও ১০,০০০.০০ টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি/রসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে।
৯. বিজ্ঞান বিভাগে ছাত্র/ছাত্রীর সংখ্যা কমপক্ষে ৪০ জনে উন্নীত করতে হবে।

(মোঃ আবুল বাসার)

মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক,

নাওড়া নাছিরীয়া দাখিল মাদরাসা

পোঃ ধামশ্রেলী, উপজেলা- উলিপুর, জেলা- কুড়িগ্রাম।

নং বামাশিবো/রিক/দাখিল বিজ্ঞান/কুড়িগ্রাম-উলিপুর-১২০/ ২৪/১০,

তারিখঃ ৫ / ১০ / ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা/ময়মনসিংহ/ রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৮. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৯. উপজেলা নির্বাহী অফিসার উলিপুর, কুড়িগ্রাম।
১০. সংরক্ষণ কপি।

(মোঃ হোসেন)

উপ-মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।